এপ্রিল ১০, ২০২০

# ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট কোভিড-১৯ স্কুলবর্ষ ২০১৯-২০২০ বন্ধ সংক্রান্ত সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী

*স্কুলসমুহ বন্ধ করার জন্য স্টেটের কার্যনির্বাহী আদেশ ২০২০-৩৫ এর উদ্ভূত প্রশ্নাবলী ও উত্তরসমূহ।*

## পরিবার

**প্রশ্ন: ২০১৯-২০২০ স্কুলবর্ষের জন্য কি আনুষ্ঠানিকভাবে স্কুল বন্ধ থাকবে?**

**উত্তর:** হ্যাঁ। কোভিড-১৯ (করোনাভাইরাস) সংকটকালীন সমস্ত শিক্ষার্থী ও স্কুল কর্মচারীদের স্বাস্থ্য ও সুরক্ষা নিশ্চিত করার উদ্দেশ্যে গভর্নর হুইটমার বৃহস্পতিবার, ২ এপ্রিল কার্যনির্বাহী আদেশ ২০২০-৩৫-এর মাধ্যমে ঘোষণা করেছেন যে মিশিগানের সমস্ত স্কুলে মুখোমুখি শিক্ষা কার্যক্রম স্কুলবর্ষের অবশিষ্ট সময়ব্যাপী বন্ধ থাকবে। স্কুলগুলো ডিসট্যান্স লার্নিং বা দূর-শিক্ষণ মডেল অনুসরণ করবে। এই নির্দেশ অনুসারে ২৮শে এপ্রিলের মধ্যে মডেলগুলো বাস্তবায়ন করতে হবে। DPSCD এপ্রিল ২০, ২০২০ এর সপ্তাহের মধ্যেই এর প্ল্যান বাস্তবায়ন করবে।

**প্রশ্ন: শিক্ষার্থী ও তাদের পরিবারকে কি তখনও খাবার সরবরাহ করা হবে?**

**উত্তর:** হ্যাঁ। খাবারের পরিষেবার জন্য বর্তমানে যে ১৭টি স্কুল ব্যবহৃত হচ্ছে সেগুলো শিক্ষার্থী/তাদের পরিবারকে চারটি প্রি-কুকড ব্রেকফাস্ট মিল এবং চারটি প্রি-কুকড লাঞ্চের একটি করে ব্যাগ সরবরাহ করবে। এই ১৭টি স্কুলে প্রতি সোমবার ও বৃহস্পতিবার খাদ্য বন্টন অব্যাহত থাকবে। সোমবার তিনটি প্রি-কুকড লাঞ্চের সঙ্গে তিনটি প্রি-কুকড ব্রেকফাস্ট মিল দেয়া হবে। বৃহস্পতিবার আরেকবার চারটি প্রি-কুকড ব্রেকফাস্ট ও লাঞ্চ দেয়া হবে। শিক্ষার্থীরা/তাদের পরিবার এই ১৭টি সাইটের যে কোনটিতে গিয়ে খাবার নিতে পারবে। সোমবার ও বৃহস্পতিবারে অসুস্থ DPSCD শিক্ষার্থীদের জন্য ঘরে ঘরে ডেলিভারি দেয়া অব্যাহত থাকবে। বৃহস্পতিবার, এপ্রিল ১৬ তারিখে আমাদের খাদ্য বন্টনের স্থানের সংখ্যা ১৯ এ উন্নীত করতে রোবের্তো ক্লেমেন্তে ও গমপারস–এও ব্রেকফাস্ট ও লাঞ্চ পৌঁছে দেয়া হবে।

এই ১৯টি স্থানে মুদ্রিত অ্যাকাডেমিক প্যাকেটও উপলভ্য থাকবে। প্যাকেটগুলো বন্টনের জন্য কিছু অতিরিক্ত সাইটও শনাক্ত করা হয়েছে। আরও যেসব স্কুল অ্যাকাডেমিক প্যাকেট সরবরাহ করবে সেগুলোর সম্পূর্ণ তালিকার জন্য নিচে দেখুন।

**প্রশ্ন: আমি করোনা ভাইরাস/কোভিড-১৯ সম্পর্কে আরও তথ্য কোথায় পেতে পারি?**

**উত্তর:** করোনা ভাইরাস/কোভিড-১৯ সংক্রান্ত সর্বশেষ তথ্যের জন্য অনুগ্রহ করে ভিজিট করুন সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল এন্ড প্রিভেনশন–এর ওয়েবসাইট (https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html).

**প্রশ্ন: শিক্ষার্থী ও পরিবারগুলোর জন্য কোন স্বাস্থ্য সহায়তা উপলভ্য থাকবে?**

**উত্তর:** যে পরিবারগুলোর চিকিৎসা সহায়তার প্রয়োজন তাদেরকে তাদের প্রাইমারি কেয়ার ফিজিশিয়ানের সঙ্গে যোগাযোগ করার পরামর্শ দেয়া হচ্ছে অথবা যদি আপনার কোনও প্রাইমারি কেয়ার ফিজিশিয়ান না থাকে তাহলে অনুগ্রহ করে ডেট্রয়েট স্বাস্থ্য বিভাগের হটলাইনে যোগাযোগ করুন: 313-876-4000, ২৪ ঘন্টা; অথবা ইমেইল: dhdoutbreak@detroitmi.gov.

**প্রশ্ন: শিক্ষার্থী ও পরিবারগুলোর জন্য কি মানসিক সহায়তা উপলভ্য থাকবে?**

**উত্তর:** এই ডিস্ট্রিক্টে একটি হটলাইনের মাধ্যমে কাউন্সেলর ও সহায়তা কর্মী উপলভ্য থাকবেন, অনুগ্রহ করে 1-833-466-3978 নম্বরে কল করুন, সোমবার থেকে বৃহস্পতিবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা, সন্ধ্যা ৫টা থেকে রাত ৮টা, এবং শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৩টা। এই হটলাইন ২০শে এপ্রিল পর্যন্ত সক্রিয় থাকবে।

## ডিসট্যান্স লার্নিং

**প্রশ্ন: শিক্ষার্থীরা ও তাদের পরিবার ডিসট্যান্স লার্নিং-এর জন্য উপকরণ কিভাবে পাবে?**

**উত্তর:** আমরা আমাদের শিক্ষার্থীদের ভার্চুয়ালভাবে এবং ১৭টি খাদ্য বিতরণ স্থানে (সঙ্গে আরও দুটি ক্লেমেন্ট ও গমপারস) উপলভ্য মুদ্রিত অ্যাকাডেমিক প্যাকেট ব্যবহার করে শিক্ষায় নিয়োজিত রাখবো। এই ডকুমেন্টের শেষ পৃষ্ঠায় স্থানগুলোর একটি তালিকা দেয়া হয়েছে। প্যাকেটগুলো সংগ্রহ করার জন্য প্রস্তুত হয়ে গেলে ডিস্ট্রিক্টের তরফ থেকে পরিবারগুলোর কাছে একটি রোবোকল পাঠানো হবে। আমাদের ডিস্ট্রিক্টের কর্মীগণ স্কুল বন্ধ হওয়ার দিন থেকে একটি নতুন শিক্ষা কাঠামো তৈরিতে কাজ করছেন যেটি প্রি কিন্ডারগার্টেন থেকে গ্রেড ১২ এর শিক্ষার্থীদের জন্য লিটারেসি, সায়েন্স ও সোশ্যাল স্টাডিজের মতো বিষয়ে শিক্ষা লাভের সুযোগ করে দিবে। এর মধ্যে শারিরীক শিক্ষা ও আর্টের পাঠও অন্তর্ভুক্ত থাকবে। আমাদের শিক্ষার্থীরা বর্তমানে যে পাঠ্যক্রম ব্যবহার করছে সেটির সঙ্গে বিভিন্ন ধারণা ব্যাখ্যা করে প্রাসঙ্গিক ভিডিও এবং অ্যাসাইনমেন্টের সমন্বয়ে এই পাঠ্যক্রম তৈরি হবে। মুদ্রিত প্যাকেটগুলো ২০ই এপ্রিলের সপ্তাহ থেকে উপলভ্য হবে। পিক আপের সঠিক তারিখ আমরা জানিয়ে দিবো।

**প্রশ্ন: এই ছুটিতে কি শিক্ষক ও কর্মীদেরও কাজ করতে হবে?**

**উত্তর:** হ্যাঁ। বন্ধের সময়ে শিক্ষার্থীদের ও তাদের পরিবারকে ফোন কল ও "টিমস" ভার্চুয়াল প্ল্যাটফর্মের মাধ্যমে সংযুক্ত রাখতে ও সহায়তা দিতে স্কুল ও ডিস্ট্রিক্টের সকল কর্মীরা নির্দিষ্ট ভূমিকা পালন করবেন।

**প্রশ্ন: "টিমস" কী?**

**উত্তর:** মাইক্রোসফট অফিসে বিভিন্ন অ্যাপ্লিকেশন রয়েছে, অধিকাংশ মানুষ ওয়ার্ড, এক্সেল ও পাওয়ারপয়েন্ট ব্যবহার করেন। মাইক্রোসফট টিমস হচ্ছে মাইক্রোসফট স্যুটের একটি অ্যাপ যা দিয়ে শিক্ষার্থী ও কর্মীরা কথা বলতে ও ভিডিও চ্যাট করতে পারবেন, লিখিত মেসেজ শেয়ার করতে পারবেন (টেক্সট মেসেজ দেয়ার মতো), সেইসঙ্গে ডকুমেন্ট ও অ্যাসাইনমেন্ট শেয়ার করতে পারবেন। এছাড়া শিক্ষক ও শিক্ষার্থীরা বৈঠক নির্ধারণ করতে পারবেন এবং অন্যান্য শিক্ষার্থীদের সঙ্গে সমন্বয় করতে পারবেন। প্রত্যেক DPSCD কর্মী ও শিক্ষার্থী তাদের ডিস্ট্রিক্ট ইমেইল অ্যাড্রেস দিয়ে এই অ্যাপটি ও মাইক্রোসফট অফিসের পাঁচটি ফ্রি লাইসেন্স ব্যবহার করার সুযোগ পাবে।

**প্রশ্ন: কিভাবে আমরা এটি সেট আপ করবো?**

**উত্তর:** টিমস শিক্ষার্থীদের ব্যবহারের জন্য সেট আপ করা এবং প্রস্তুত করা আছে। তারা তাদের ডিস্ট্রিক্ট অ্যাকাউন্ট ব্যবহার করে ক্লেভার এর মাধ্যমে লগ ইন করতে পারবে এবং বেগুনী রঙের টিমস আইকনে ক্লিক করবে। এছাড়া পরিবারগুলো অ্যান্ড্রয়েড বা অ্যাপল iOS এর জন্য টিমস অ্যাপ ডাউনলোড করে ক্লেভার এর মাধ্যমে তাদের শিক্ষার্থী ক্রেডেনশিয়াল ব্যবহার করে সরাসরি লগইন করতে পারবে।

**প্রশ্ন: এই বিষয়গুলো কখন বাস্তবায়িত হবে?**

**উত্তর:** যদিও শিক্ষা ও অংশগ্রহণ এপ্রিল ২০, ২০২০এর সপ্তাহের আগে শুরু হচ্ছে না, তবু নতুন লার্নিং প্ল্যাটফর্মটি প্রস্তুত এবং রিভিউ এর জন্য উপলভ্য রয়েছে https://www.detroitk12.org/Domain/5087।
আমরা শিক্ষার্থীদের শিক্ষার পাশাপাশি এই কঠিন সময়ে তাদের সামাজিক মানসিক চাহিদার প্রতিও মনোযোগী হবো। প্রযুক্তি ও/বা ইন্টারনেট নেই এমন শিক্ষার্থী ও তাদের পরিবারের জন্য সব অ্যাসাইনমেন্ট মুদ্রিত করা হবে। এটাই হচ্ছে এখানে আলোচিত সেই অ্যাকাডেমিক প্যাকেট।

**প্রশ্ন: আমার স্মার্টফোন, ট্যাবলেট বা কম্পিউটার নেই। এরপরও কি আমি টিমস ব্যবহার করতে পারবো?**

**উত্তর:** স্মার্টফোন, ট্যাবলেট বা কম্পিউটারে টিমস ব্যবহার করতে অপারগ শিক্ষার্থীরাও টিমস-এর ব্যাপারে সহায়তা পেতে পারে; প্রত্যেক নির্ধারিত মিটিং-এর একটি লোকাল (313) টেলিফোন নম্বর এবং একটি পিন রয়েছে যাতে শিক্ষার্থীরা কল করে সেশনের অডিও অংশে অংশগ্রহণ করতে পারে।

**প্রশ্ন: ডিস্ট্রিক্ট কি ল্যাপটপ/ট্যাবলেট বা ইন্টারনেট পরিষেবা সরবরাহ করবে?**

**উত্তর:** সব DPSCD পরিবারকে একটি ট্যাবলেট ও ইন্টারনেট অ্যাক্সেস সরবরাহ করার কৌশল বাস্তবায়নের জন্য ডিস্ট্রিক্ট ব্যবসায়ী কমিউনিটির সঙ্গে সক্রিয়ভাবে কাজ করছে। আমাদের লক্ষ্য মে মাসের মাঝামাঝি থেকে শেষের মধ্যে এই প্রতিশ্রুতি বাস্তবায়ন করা।

**প্রশ্ন: আমার কম্পিউটার ও ইন্টারনেট রয়েছে, আমি জানি না কিভাবে টিমসে লগ ইন করতে হয়, আমি কোথায় সহায়তা পেতে পারি?**

**উত্তর:** পরিবারগুলো ক্লেভার এর মাধ্যমে টিমসে লগইন করতে পারবে। আপনি নির্দেশাবলী অ্যাক্সেস করতে পারবেন এখানে। আপনার যদি আরও সহায়তার প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে ইমেইল করুন info.clever@detroitk12.org ঠিকানায়।

**প্রশ্ন: শিক্ষার্থীদের প্রতিদিন কত ঘন্টা কাজ করতে হবে?**

**উত্তর:** শিক্ষার্থীদের জন্য প্রস্তাবিত সময়সূচি আপনার সন্তানের শিক্ষক পরিবারের সঙ্গে শেয়ার করবেন এবং এটি ডিস্ট্রিক্টের ওয়েবসাইটেও পাওয়া যাবে https://www.detroitk12.org/Domain/5087। ভিন্ন ভিন্ন গ্রেড লেভেলের শিক্ষার্থীদের জন্য ভিন্ন ভিন্ন লাইভ ও ভিডিওতে অংশগ্রহণের সুপারিশ করা হবে। গড়ে শিক্ষার্থীরা দিনে ৩ থেকে ৪ ঘন্টার মতো প্রস্তাবিত অ্যাকাডেমিক কার্যক্রমে ব্যয় করবে। আপনার শিক্ষার্থীর প্রস্তাবিত কাজ পর্যালোচনা করার পর পরিবারকে তাদের অংশগ্রহণের মাত্রা নির্ণয় করতে হবে। আমাদের লক্ষ্য হচ্ছে এমন গতিতে শিক্ষা অব্যাহত রাখা যাতে প্রত্যেক শিক্ষার্থী ও/তাদের পরিবার তার সঙ্গে মানিয়ে নিতে পারে।

**প্রশ্ন: কাজগুলোর জন্য কি গ্রেড দেয়া হবে?**

**উত্তর:** শিক্ষার্থীদের জমা দেয়া সব কাজেই শিক্ষকরা মতামত জানাবেন, তবে শিক্ষার্থীদের কোন গ্রেড দেয়া হবে না। আপনার সন্তানের শিক্ষক হয়তো কাজের মূল্যায়ন করে বলবেন "চমৎকার" অথবা সঠিক উত্তরের শতকরা হার জানাবেন, কিন্তু এই গ্রেড কোন রিপোর্ট কার্ডে বা স্থায়ী রেকর্ডে অন্তর্ভুক্ত হবে না। শিক্ষকদের দেয়া যেকোন মতামত কেবল শিক্ষার্থী কাজটি কত ভালোভাবে সম্পন্ন করেছে সে বিষয়টি নির্দেশ করবে।

**প্রশ্ন: এই সময়ে কি আমাকে আমার সন্তানের শিক্ষকের ভূমিকা পালন করতে হবে?**

**উত্তর:** না। আমরা অনুধাবন করি যে বাবা মা হিসেবে দায়িত্ব পালন এবং অন্যান্য দায়িত্ব পালন করা চ্যালেঞ্জিং কাজ। আমরা জানি যে ডিসট্যান্স লার্নিং-এ অংশ নিতে আপনার সন্তানের আপনার সাহায্য ও সহায়তা প্রয়োজন হবে। আপনার সন্তানের শিক্ষক আপনার সন্তানকে তার প্রয়োজনীয় সকল শিক্ষা কার্যক্রম প্রদানের পাশাপাশি যত বেশি সম্ভব সহায়তা করে যাবেন। অবশ্য তুলনামূলক কম বয়সী শিক্ষার্থীদের (প্রি কিন্ডারগার্টেন - গ্রেড ৩) ক্ষেত্রে কেয়ারগিভারকে বাড়িতে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে বেশি বয়সী শিক্ষার্থীদের কেয়ারগিভারের তুলনায় বৃহত্তর ভুমিকা পালন করতে হবে।

**প্রশ্ন: আমি কিভাবে আমার সন্তানকে তার কাজে সহায়তা করতে পারি?**

**উত্তর:** আপনার সন্তানকে স্কুলের কাজে সাহায্য করার সবচেয়ে ভালো উপায় হচ্ছে বাড়িতে ওদের মমতাময় পরিবেশ দেয়া, মানসিক সমর্থন দেয়া, এবং পরিবেশ যতটা সম্ভব সুস্থির রাখা। দুশ্চিন্তা ও উদ্বেগমুক্ত থাকলে এবং সুস্থির পরিবেশ পেলে শিশুরা সবচেয়ে ভালো শিখতে পারে। আপনার সন্তান সবচেয়ে ভালোভাবে শিখবে যদি তারা নিরাপদ ও ভালোবাসা অনুভব করে এবং "স্বাভাবিক জীবনের" সঙ্গে যথাসম্ভব মিল থাকে।
আপনি আপনার সন্তানকে তাদের কাজ মনোযোগ ব্যাহত না করে কাজ করার জন্য একটি শান্ত ও নিরব স্থান সেট আপ করতে সাহায্য করার মাধ্যমে সাহায্য করতে পারেন। একটি রুটিন তৈরি করলে সেটিও আপনার সন্তানকে মানিয়ে নিতে এবং শেখা শুরু করতে সাহায্য করবে।

একটি শান্ত পরিবেশ তৈরি করুন:
- আপনার সন্তানের(বা সন্তানদের) সঙ্গে বসে অনলাইন ভিডিও দেখে
- শিক্ষকের সঙ্গে যোগাযোগে সাহায্য করে
- সাহায্যের জন্য হোমওয়ার্ক হটলাইনে কল করে: https://www.detroitk12.org/homeworkhotline - শিক্ষার্থীদের i-রেডি এবং খান অ্যাকাডেমির অনলাইন লেসনগুলো সম্পূর্ণ করিয়ে

**প্রশ্ন: যদি আমি একজন বাবা-মা অথবা একজন কেয়ারগিভার হই এবং আমি আমার সন্তানকে প্রস্তাবিত শিক্ষা লাভে উৎসাহ দেয়ার মতো অবস্থায় না থাকি তাহলে আমার কী করণীয়?**

**উত্তর:** নিয়মিত ও প্রাত্যহিক শিক্ষায় উৎসাহিত করার জন্য আপনি যা করতে পারেন করুন। আমরা জানি যে আমাদের পরিবারগুলোর বাড়িতে শিক্ষায় সহায়তা করার মতো অবস্থা ভিন্ন ভিন্ন রকমের, তাই আমরা কোন গ্রেড দিচ্ছি না। অন্তত শিক্ষার্থীদের দিয়ে যত বেশি সম্ভব অ্যাসাইনমেন্ট করিয়ে নিন। এছাড়াও, শিক্ষার্থীদের প্রতিদিন পড়তে বলুন, কী পড়ছে তা নিয়ে আপনার সঙ্গে কথা বলতে বলুন এবং যা পড়ছে সেটি নিয়ে তাদের নিজেদের ভাবনাগুলো একটি জার্নালে লিখে রাখতে বলুন। যদি আপনার ডিভাইস ও ইন্টারনেট অ্যাক্সেস থাকে তাহলে তাদের দিয়ে i-রেডি (কিন্ডারগার্টেন থেকে গ্রেড ৮) এবং খান অ্যাকাডেমির লেসনগুলো (হাই স্কুল) সম্পন্ন করান।

**প্রশ্ন: শিক্ষার্থীরা কিভাবে সামাজিক যোগাযোগ রক্ষা করবে?**

**উত্তর:** আমরা অনুধাবন করি যে যেকোন শিক্ষার্থীর দিনের একটি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে সামাজিক যোগাযোগ রক্ষা। বন্ধুত্ব তৈরি ও বজায় রাখা শৈশবের একটি গুরুত্বপূর্ণ অংশ এবং বিশেষত এরকম কঠিন সময়ে এটি আরও গুরুত্বপূর্ণ। শিক্ষকরা শিক্ষার্থীদের নিয়ে লাইভ ক্লাসের আয়োজন করবেন এবং শিক্ষার্থীদের শিক্ষকদের সঙ্গে ও নিজেদের মধ্যে যোগাযোগ করতে উৎসাহিত করবেন।

**প্রশ্ন: আমি আমার স্কুল বা শিক্ষকের কাছ থেকে কিছু জানতে না পারলে আমি কাকে কল করবো?**

**উত্তর:** যদি আপনি ২০শে এপ্রিলের সপ্তাহের পরও আপনার সন্তানের শিক্ষকের কাছ থেকে কিছু জানতে না পারেন তাহলে আপনার সন্তানের প্রিন্সিপালের কাছে ইমেইল করুন। ইমেইল অ্যাড্রেস অ্যাক্সেস করা যাবে এখানে www.detroitk12.org.

**প্রশ্ন: IEP থাকা শিক্ষার্থীদের জন্য কি ডিসট্যান্স লার্নিং এর ব্যবস্থা থাকবে?**

**উত্তর:** হ্যাঁ। সাধারণ স্ট্যান্ডার্ডের শিক্ষার্থীরা প্রদত্ত ডিসট্যান্স লার্নিং উপকরণগুলো ব্যবহার করবে। বিশেষ স্ট্যান্ডার্ড-এর শিক্ষার্থীদের জন্যও একটি প্যাকেট সরবরাহ করা হবে। IEP থাকা শিক্ষার্থীদের সঙ্গেও শিক্ষকরা যোগাযোগ করবেন। ডিসট্যান্স লার্নিং প্রক্রিয়ার অগ্রগতির সঙ্গে সঙ্গে আমরা বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য উপকরণ প্রস্তুত করা অব্যাহত রাখবো।

**প্রশ্ন: আমার শিক্ষার্থীর IEP সম্পূর্ণ হয়নি, এটি কি সম্পূর্ণ করা হবে, এবং এটি পরবর্তী বছরে কি প্রভাব ফেলবে?**

**উত্তর:** আমরা IEP প্রক্রিয়া নিয়ে ভার্চুয়ালি অগ্রসর হচ্ছি। যেহেতু IEP-তে প্রত্যেক শিক্ষার্থীর অগ্রগতি ও চাহিদা ভিন্ন ভিন্ন, তাই অনুগ্রহ করে মূল্যায়ন প্রক্রিয়ার পরবর্তী ধাপগুলো ভালোভাবে বুঝতে আপনার স্কুলের প্রিন্সিপালের সঙ্গে যোগাযোগ করুন।

**প্রশ্ন: অনলাইন শিক্ষার মাধ্যমেও কি শিক্ষার্থীদের অ্যাকাডেমিক রিপোর্ট কার্ড বা ট্রান্সক্রিপ্ট পাওয়া অব্যাহত থাকবে?**

**উত্তর:** না। অনলাইন লার্নিং-এর জন্য গ্রেড দেয়া হবে না; তবে অ্যাসাইনমেন্টের ফিডব্যাক জানানো হবে। বন্ধের আগের ফেল করার অবস্থা অনলাইন/অ্যাকাডেমিক প্যাকেট লার্নিং এর অ্যাসাইনমেন্ট সম্পন্ন করার মাধ্যমে কাটিয়ে ওঠা যাবে।

**প্রশ্ন: অ্যাসাইনমেন্টগুলোর জন্য কি গ্রেড দেয়া হবে?**

**উত্তর:** অ্যাসমেন্টমেন্টগুলো এনরিচমেন্ট ভিত্তিক হবে, তবে ব্যতিক্রম হল এমন শিক্ষার্থীরা যাদের পাসিং গ্রেড অর্জনের জন্য অ্যাসাইনমেন্টগুলি সম্পন্ন করতে হবে যা তাদের ২য় সেমিস্টারের জন্য "উত্তীর্ণ" করবে।

**প্রশ্ন: গৃহহীন ও আশ্রয়কেন্দ্রে থাকা পরিবারের কাছে কি রিসোর্স লভ্য হবে?**

**উত্তর:** হ্যাঁ, আমরা পরিবারগুলির সঙ্গে যোগাযোগ করছি এবং কমিউনিটি পার্টনারদের সঙ্গে অনুরোধকৃত আইটেমগুলি লভ্য করার জন্য কাজ করছি।

**প্রশ্ন: হোম ওয়ার্ক হটলাইন কি এখনও রিসোর্স হিসেবে থাকবে?**

**উত্তর:** হ্যাঁ, যোগাযোগের সময়:
সোমবার – বৃহস্পতিবার: সকাল ৯ টা – বিকাল ৪টা, বিকাল ৫টা – রাত ৮টা
শুক্রবার - সকাল ৯ টা - বিকাল ৩ টা
হটলাইনে যোগাযোগ করুন 1-833-466-3978 নম্বরে কার্যক্রম চলাকালীন।

IEP সহ শিক্ষার্থীদের MDE গাইডেন্স ও প্রয়োজনীয়তা মেনে DPSCD হোম ওয়ার্ক হটলাইনের মাধ্যমে ESE (সার্টিফাইড স্পেশাল এডুকেশন শিক্ষক) পাওয়া যাবে।

**প্রশ্ন: আমি একটি চিঠি পেয়েছি যে আমার সন্তান থার্ড গ্রেড রিড আইনের কারণে পুনরায় একই ক্লাসে থাকার ঝুঁকির মধ্যে রয়েছে, আমার সন্তানকে কি আবার একই ক্লাসে রাখা হবে নাকি চতুর্থ গ্রেডে উন্নীত করা হবে?**

**উত্তর:** থার্ড গ্রেড রিড আইন এ বছর কার্যকর হবে না। আপনি যে চিঠি পেয়েছেন তা স্কুল বন্ধের কারণে এখন অকার্যকর। উত্তীর্ণের সিদ্ধান্তগুলি ক্লাস ওয়ার্কের উপর ভিত্তি করে ৩য় গ্রেডারের অ্যাকাডেমিক স্ট্যান্ডিংয়ের ভিত্তিতে হবে। শেষ পর্যন্ত, ৩য় গ্রেডে রাখার সিদ্ধান্ত অধ্যক্ষ, শিক্ষক ও অভিভাবকের মতামতের ভিত্তিতে নেওয়া হবে।

**প্রশ্ন: আমার সন্তানকে কি এখনো M-STEP দিতে হবে?**

**উত্তর:** না, স্টেট পরীক্ষা বাতিল করা হয়েছে।

**প্রশ্ন: যে শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে অনুপস্থিত ছিল তাদের ক্ষেত্রে পরের বছর কী হবে? স্কুল তাদের জন্য যা করছে তার ফলোআপ কী?**

**উত্তর:** সকল কর্মী স্কুল বন্ধের সময় কাজ চালিয়ে যাবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, এর মধ্যে রয়েছেন উপস্থিতি এজেন্ট, কালচার বিষয়ক ডিন এবং স্কুল কালচার ফ্যাসিলিটেটর। আমাদের কর্মীরা যে কোনও সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজ করতে পরিবারের সঙ্গে ফলো-আপ করার জন্য নিবেদিত থাকবেন।

**প্রশ্ন: আমরা কি বাকি স্কুল বছরের জন্য আমাদের সন্তানদের কিন্ডারগার্টেন গ্রেড-১২ তে ভর্তি করাতে পারব?**

**উত্তর:** হ্যাঁ। শিক্ষার্থীরা এখনও DPSCD তে ভর্তি হতে পারে। সাধারণত আপনার পছন্দের স্কুলে সরাসরি উপস্থিত হয়ে ভর্তি হতে হয়। বর্তমানে আমরা একটি অনলাইন ভর্তি সিস্টেমে যাচ্ছি যা মে ১, ২০২০ থেকে শুরু হবে। সর্বশেষ আপডেটের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট detroitk12.org/enroll দেখুন। আজই ভর্তি করতে, অনুগ্রহ করে 313-873-6345 নম্বরে কল করে সাধারণ অফিস সময়ের মধ্যে এনরোলমেন্ট স্পেশালিস্টের সঙ্গে কথা বলুন।

**প্রশ্ন: আমি কিভাবে আমার সন্তানকে ফল 2020-2021 এ DPSCD স্কুলে ভর্তি করতে পারি?**

**উত্তর:** সাধারণত আপনার পছন্দের স্কুলে সরাসরি উপস্থিত হয়ে ভর্তি হতে হয়। বর্তমানে আমরা একটি অনলাইন ভর্তি সিস্টেমে যাচ্ছি যা মে ১, ২০২০ থেকে শুরু হবে। সর্বশেষ আপডেটের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট detroitk12.org/enroll দেখুন। আপনার যদি সময় সংবেদী ব্যাপার থাকে তবে অনুগ্রহ করে 313-873-6345 নম্বরে কল করে সাধারণ অফিস সময়ের মধ্যে এনরোলমেন্ট স্পেশালিস্টের সঙ্গে কথা বলুন।

## শিক্ষার্থী

**প্রশ্ন: ৩য় ও ৪র্থ কোয়ার্টার ও সেমিস্টারের জন্য গ্রেডগুলি কিভাবে হিসাব করা হবে? GPA এর ব্যাপারে কী হবে? রিপোর্ট কার্ড? ট্রান্সক্রিপ্ট? ফল-এর জন্য অ্যাথলেটিক যোগ্যতা?**

**উত্তর:** শিক্ষার্থীরা পাস/ফেল দ্বিতীয় সেমিস্টার গ্রেড পাবে। পাস/ফেল নম্বর সকল স্কুল রাষ্ট্রীয় বাধ্যতামূলক বন্ধের আগে শিক্ষার্থীদের ৩য় কোয়ার্টারে (বন্ধের আগের সব গ্রেড সহ) প্রাপ্ত গ্রেডের ভিত্তিতে হবে। যে শিক্ষার্থীরা D- বা উচ্চতর গ্রেড পেয়েছে তারা পাস করবে। যদি তাদের F থাকে তাহলে তারা ফেল করবে। যদি কোন শিক্ষার্থীকে অতিরিক্ত শিক্ষার সময় দিলে D- বা উচ্চতর গ্রেড পেতে পারে বলে মনে হয় এবং/অথবা শিক্ষার্থী অনলাইনে শেখার সময়কালে অ্যাসাইনমেন্টগুলি সম্পন্ন করে, যদি তার কোন F থাকে তাহলে একজন শিক্ষকের ঐ শিক্ষার্থীকে পাস প্রদানের সুযোগ থাকবে। শিক্ষক অনলাইনে শেখার সময় অ্যাসাইনমেন্ট সম্পর্কে ফিডব্যাক জানাবেন তবে গ্রেড নির্ধারণ করবেন না। ৩য়/৪র্থ কোয়ার্টার বা সেমিস্টারের জন্য রিপোর্ট কার্ড দেওয়া হবে না। ট্রান্সক্রিপ্টগুলিতে পাস/ফেল কোড ব্যবহার করা হবে। এর ফলে শিক্ষার্থীরা কোর্সে উত্তীর্ণ এবং/অথবা স্নাতক হবার জন্য ক্রেডিট অর্জন করতে পারবে। এটি বন্ধের ফলে GPA নিরপেক্ষ রাখবে। অ্যাথলেটিক যোগ্যতার ক্ষেত্রে, ফলে একজন শিক্ষার্থীর  খেলায় অংশগ্রহণের জন্য তার বেশিরভাগ কোর্সে পাস করতে হবে।

**প্রশ্ন: আমি একজন সিনিয়র, আমি কিভাবে জানব যে বছর শেষে আমি স্নাতক হবে কিনা?**

**উত্তর:** আপনি যদি বছর শেষে স্নাতক হবার পথে থাকেন এবং আপনি আপনার ৩য় কোয়ার্টার ক্লাস (D- বা উচ্চতর) পাস করেন তাহলে আপনি এই বছর স্নাতক হবেন। প্রতিটি হাই স্কুল তাদের সিনিয়রদের কাছে স্পষ্টভাবে যোগাযোগের জন্য পৌঁছে যাবে যেখানে সিনিয়ররা স্নাতকের জন্য আছে।

**প্রশ্ন: আমি একজন সিনিয়র এবং স্নাতক হবার জন্য আমার অতিরিক্ত ক্লাস করা প্রয়োজন। আমি কি এই ক্লাসগুলো করার সুযোগ পাবো?**

**উত্তর:** হ্যাঁ। যে সকল শিক্ষার্থীর অতিরিক্ত ক্লাস প্রয়োজন তাদের তিনটির অধিক রিকভারি কোর্সে ভর্তি করানো হবে। শিক্ষার্থীরা ক্লাসে পাস গ্রেড পাওয়ার জন্য একবার পর্যাপ্ত ক্রেডিট পেলে, এরপর তারা ক্রেডিটটি পাবেন। এই সংকটকালে স্বাস্থ্যের অবস্থার উপর ভিত্তি করে সামার স্কুল ক্রেডিটগুলো পূরণ করার (মুখোমুখি এবং/অথবা অনলাইন) একটি সুযোগ হতে পারে।

**প্রশ্ন  সিনিয়ররা কি এখনো জুনে স্নাতক হবে এবং তাদের ডিপ্লোমা নিতে পারবে? কোনো স্নাতক অনুষ্ঠান হবে কি?**

**উত্তর:** হ্যাঁ। যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীরা এখনো জুনে স্নাতক হবেন এবং জুলাইয়ের শেষে ডিপ্লোমা নিতে পারবেন। "ঘরে থাকুন" আদেশ তুলে নেয়ার পর আমরা গ্র্যাজুয়েশন অনুষ্ঠানের জন্য প্রস্তুতি নেব, আশা করা যায় এটা জুনের শেষ থেকে জুলাইয়ের শুরুতে হবে। যদি এটি সম্ভব হয়, তাহলে সকল গ্র্যাজুয়েশন অনুষ্ঠান হাই স্কুলে অথবা  ডিস্ট্রিক্ট-এর অন্য কোন হাই স্কুলে অনুষ্ঠিত হবে। রিজার্ভেশন ও সাইট প্রাপ্তিজনিত সমস্যার কারণে পূর্ব নির্ধারিত যে স্থানে অনুষ্ঠানটির আয়োজন নির্ধারিত হয়েছিল সেখানেই আয়োজিত হবে এমনটা প্রত্যাশা করা ঠিক হবে না।

**প্রশ্ন: প্রমের অবস্থা কী?**

**উত্তর:** বর্তমানে সকল প্রম স্থগিত করা হয়েছে। "ঘরে থাকুন" আদেশ তুলে নেয়ার পর আমরা প্রমের জন্য প্রস্তুতি নেব, আশা করছি এটি জুনের শেষে বা জুলাইয়ের শুরুতে হবে। যদি এটি সম্ভব হয়, তাহলে সকল প্রম হাই স্কুলে অনুষ্ঠিত হবে। পরিকল্পনাকৃত মূল প্রম লোকেশনে কোন প্রম আয়োজিত হবে না।

**প্রশ্ন: আমি সিনিয়র/অষ্টম গ্রেডের বকেয়া পরিশোধ করেছি, আমরা কি আমাদের টাকা ফেরত পাবো এবং কখন?**

**উত্তর:** হ্যাঁ। ''ঘরে থাকুন'' আদেশ তুলে নেয়ার পর এবং স্কুলের কর্মচারীরা রিফান্ড প্রক্রিয়াকরণ কার্যে ফিরলে স্নাতক কার্যক্রমের জন্য শিক্ষার্থীদের/পিতা-মাতাকে ফান্ড ফেরত দেয়া হবে। ডিস্ট্রিক্ট যে কোন, এবং সকল, স্নাতক অনুষ্ঠান এবং/অথবা প্রমের ব্যয় বহন করবে।

**প্রশ্ন: শিক্ষার্থীরা কখন তাদের লকারগুলো খালি করতে পারবে এবং বই/ইন্সট্রুমেন্টগুলো ফেরত দিতে পারবে?**

**উত্তর:** ঘরে থাকার আদেশ তুলে নেয়ার পর, ডিস্ট্রিক্ট ও স্কুলগুলো থেকে শিক্ষার্থীদের তাদের জিনিসপত্র নেবার জন্য একটি সময়সূচি দেয়া হবে।

**প্রশ্ন: কোভিড সংকট চলাকালীন বাড়িতে থাকার আদেশ এবং স্কুল বন্ধ থাকা বিতাড়িত বা বহিষ্কৃত শিক্ষার্থীদের উপর কিরূপ প্রভাব ফেলবে? বর্তমান ভার্চুয়াল সময়ে তাদের পড়ালেখা আবারও শুরু করার কোন সুযোগ কী রয়েছে?**

**উত্তর:** যদিও এটি শৃঙ্খলার রীতি ও পর্যায়ের উপর নির্ভর করবে, তবু অধিকাংশ শিক্ষার্থী অনলাইন/অ্যাকাডেমিক প্যাকেট নির্দেশনা পুনরায় শুরু করার মতো অবস্থায় থাকবে। যেহেতু প্রতিটি বিষয়ই ভিন্ন, তাই আমরা নির্দিষ্ট তথ্যের জন্য শিক্ষার্থীদের তাদের স্কুল প্রধানের সঙ্গে যোগাযোগ করতে উৎসাহিত করছি।

**প্রশ্ন: 2020 সালের ফল সেশনের জন্য নির্ধারিত সময়েই কি স্কুল বর্ষ শুরু হবে নাকি এই সংকটের কারণে সেই হারানো শিক্ষাকালীন সময়ের সঙ্গে সমন্বয় রাখতে পরিবর্তিত হবে যে সময়ে পরবর্তী অ্যাকাডেমিক বর্ষের জন্য ফ্রেশম্যান, সফোমোরস ও জুনিয়র তৈরি হতো?**

**উত্তর:** গভর্নর কর্তৃক প্রদত্ত কার্যনির্বাহী আদেশের উপর স্কুল খোলা সংক্রান্ত কার্যক্রম নির্ভর করছে। আমরা আশাবাদী যে লেবার ডে'র পর, আমরা যথাসময়ে ২০২০-২১ স্কুল বর্ষ শুরু করতে পারব।

**প্রশ্ন: ১৪ই এপ্রিলের SAT টেস্ট কি পরে কোন তারিখে পুনঃনির্ধারিত হবে এবং এই সময় চলাকালে টেস্টের বিষয়ে শিক্ষার্থীদের চিন্তামুক্ত করতে DPSCD কি কিছু করছে?**

**উত্তর:** স্টেটব্যাপী স্প্রিং SAT অ্যাডমিনিস্ট্রেশন বাতিল করা হয়েছে। 2020 সালের শরতে সকল জুনিয়র ও সিনিয়র SAT দিতে পারবে। কলেজের ভর্তি প্রক্রিয়ার জন্য যথাসময়ে স্কোরগুলো দেয়া হবে।

**প্রশ্ন: অন্যান্য দেশে আমাদের ট্রিপগুলো কি বাতিল বা স্থগিত করা হয়েছে?**

**উত্তর:** সকল ট্রিপ বাতিল করা হয়েছে।

**প্রশ্ন: আমার ট্রান্সক্রিপ্টে একটি সেমিস্টার কেন নেই সেটি কি কলেজগুলো বুঝবে?**

**উত্তর:** দেশব্যাপী স্কুল বন্ধের আলোকে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলো কিভাবে ট্রান্সক্রিপ্টগুলোকে মূল্যায়ন করবে সে বিষয়ে আমরা নিশ্চিত নই। তবে, আমরা বিশ্বাস করি যে শিক্ষার্থীদের ও তাদের অ্যাকাডেমিক অবস্থার প্রতি জাতীয় ও ঐক্যবদ্ধ সহানুভূতি থাকবে। সম্ভাব্য চ্যালেঞ্জকে দূর করতে, ৩য় ও ৪র্থ কোয়ার্টারের জন্য পাস বা ফেল গ্রেড প্রদান করা হবে এবং ক্রেডিট দেয়া হবে। কিউমুলেটিভ গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (GPA) প্রথম সেমিস্টার শেষের সমান হবে। ৩য় বা ৪র্থ কোয়ার্টারের জন্য কোনও গ্রেড প্রদান করা হবে না। সাধারণত কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলো নির্দিষ্ট কোর্সগুলোতে প্রাপ্ত ক্রেডিটের ওপর গুরত্ব দেয়, যা হাই স্কুল শিক্ষার্থীরা এখনও এই বছরেই অর্জন করতে পারবে। GPA বন্ধ–পূর্ব সময়ের মতোই থাকবে।

**প্রশ্ন: সামার স্কুল কি হবে?**

**উত্তর:** ঘরে থাকার আদেশ তুলে নেয়ার পর, ডিস্ট্রিক্ট বিপুল সংখ্যক সামার সাইটের জন্য প্রস্তুত থাকবে যদি নগরীর স্বাস্থ্যজনিত অবস্থার উন্নতি ঘটে। ডিস্ট্রিক্ট নির্দিষ্ট সিনিয়রদের সামার স্কুল প্রদান করতে প্রতিজ্ঞাবদ্ধ যাদের মুখোমুখি এবং/অথবা অনলাইন শিক্ষার মাধ্যমে স্নাতক হতে 3 বা এর কম সংখ্যক ক্রেডিট প্রয়োজন।

**প্রশ্ন: আমরা কি সামার কন্ডিশনিং-এ অংশ নিতে পারবো?**

**উত্তর:** ঘরে থাকার আদেশ তুলে নেয়ার পর, MHSAA এর নির্দেশনা অনুযায়ী এটি নির্ধারণ করা হবে। আমরা আশাবাদী যে এটি জুনের মধ্যে করা হবে।

## স্টাফ

**প্রশ্ন: সকল শিক্ষক কি একই অনলাইন প্ল্যাটফর্ম বা প্রোগ্রাম ব্যবহার করছেন?**

**উত্তর:** ডিস্ট্রিক্টের সকল শিক্ষক তাদের অনলাইন শিক্ষার প্ল্যাটফর্ম হিসেবে মাইক্রোসফট টিমস ব্যবহার করবেন। টিমস শিক্ষকদের শিক্ষার্থীদের সঙ্গে যোগাযোগ রাখতে, শিক্ষার্থীদের সঙ্গে ভিডিওতে বা ফোনে মিটিং করতে, কাজ সংগ্রহ করতে বা ফিডব্যাক দেবার সুযোগ দেবে। এর আগে, শিক্ষকগণ অন্যান্য প্ল্যাটফর্ম ব্যবহার করে থাকতে পারেন, যেমন জুম, তবে বর্তমানে পুরো ডিস্ট্রিক্ট মাইক্রোসফট টিমসে স্থানান্তরিত হচ্ছে। টিমস শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে যোগাযোগের প্রাথমিক মাধ্যম হিসেবে বিবেচিত হবে।

শিক্ষকগণ শিক্ষার্থীদের জন্য ডিস্ট্রিক্টের তৈরি উপকরণগুলোর সুবিধা ব্যবহার করবেন যা পরিবারগুলো ডিস্ট্রিক্টের ওয়েবসাইটে পেতে পারেন https://www.detroitk12.org/Domain/5087.

ডিস্ট্রিক্টের শিক্ষক ও শিক্ষার্থীরা কিছু অনলাইন লার্নিং টুলসের অ্যাক্সেস পাবেন। যার মধ্যে রয়েছে, আই-রেডি, খান অ্যাকাডেমি, মাইঅন, ও নিউসেলা। এই প্ল্যাটফর্মগুলো থেকে শিক্ষকরা বাড়তি কাজ, চর্চা, বা পড়া অ্যাসাইন করতে পারবেন। এছাড়াও, শিক্ষার্থীরা ক্লেভার (clever.com/in/dpscd) এর মাধ্যমেও এগুলোর অ্যাক্সেস পাবে এবং নিজেদের মতো কাজ ও অনুশীলন করতে পারবে।

**প্রশ্ন: টিমস অ্যাক্সেস করার জন্য আমার ইন্টারনেট বা টেলিফোন সংযোগ নেই। আমি কী করতে পারি?**

**উত্তর:** কার্যনির্বাহী আদেশ অনুসারে, কর্মীরা শিক্ষার্থীদের অনলাইন শিক্ষার সহায়তা প্রদানের জন্য স্কুলকে জানাতে পারবেন। এই লক্ষ্যে ডিস্ট্রিক্ট স্কুল ভবনগুলো নির্ধারণ করবে এবং কর্মীরা সামাজিক দূরত্ব বজায় রেখে আলাদা কক্ষে কাজ করতে পারবেন। কোভিড-১৯ এর কারণে স্বেচ্ছায় বা মেডিকেলের নির্দেশনা অনুযায়ী কোয়ারেন্টিন বা আইসোলেশনে থাকা কর্মীরা ফ্যামিলি এন্ড মেডিকেল লিভের (FMLA) আওতায় ছুটি নেবেন বলে আশা করা হচ্ছে এবং উক্ত আইনের আওতায় সুরক্ষা ও রিলিফ পরিষেবাও পাবেন। আক্রান্ত কর্মীরা ডিপার্টমেন্ট অব বেনিফিট অ্যান্ড এমপ্লয়ি-তে যোগাযোগ করতে পারেন। বেনিফিট টিমের সঙ্গে কথা বলতে অনুগ্রহ করে ইমেইল করুন dps.ehs@detroitk12.org ঠিকানায়, অথবা কল করুন 313-576-0080 নম্বরে।

**প্রশ্ন: শিক্ষক মূল্যায়নের কী হবে? তারা কি এবারও কাউন্ট হবেন?**

**উত্তর:** এই বছর শিক্ষক মূল্যায়ন করা হবে না। ডিস্ট্রিক্ট ও স্কুল-ভিত্তিক প্রশাসনগুলো একটি মূল্যায়ন পাবেন, তবে এর মধ্যে শিক্ষার্থীদের অর্জনের ফ্যাক্টরগুলো অন্তর্ভুক্ত হবে না।

**প্রশ্ন: কর্মীরা কি তাদের ক্লাসরুম পরিষ্কার ও তাদের ব্যক্তিগত জিনিসপত্র নিয়ে নিতে পারবেন?**

**উত্তর:** না, ঘরে থাকার আদেশ তুলে নেয়ার আগে পর্যন্ত পারবেন না। এটি করার সময়সূচি ঘোষণা করা হবে।

**প্রশ্ন: যদি আমি অসুস্থ হই বা অসুস্থ কোন ব্যক্তির শুশ্রূষাকারী হই, সেক্ষেত্রে যখন দৈনিক কাজে ফেরার সময় হবে তখন আমি কী করবো?**

**উত্তর:** যে সকল স্টাফ সদস্য অসুস্থ রয়েছেন বা অসুস্থ কোন ব্যক্তির দেখাশুনা করছেন, তাদের ছুটি নিতে হবে। FMLA এর যোগ্যতা বা অন্যান্য বর্ধিত ছুটি ডিপার্টমেন্ট অব বেনিফিটস অ্যান্ড এমপ্লয়ি হেলথ সার্ভিস কর্তৃক নির্ধারিত হবে। বেনিফিট টিমের সঙ্গে কথা বলতে অনুগ্রহ করে ইমেইল করুন dps.ehs@detroitk12.org ঠিকানায় অথবা কল করুন 313-576-0080 নম্বরে।

**প্রশ্ন: আমি অসুস্থ নই তবে বাড়িতে আমার বাচ্চাদের কারণে কাজ করতে পারছি না। আমার কি ছুটি নিতে হবে?**

**উত্তর:** হ্যাঁ। আমাদের ডিস্ট্যান্স লার্নিং কার্যক্রম চলাকালীন কাজ করতে না পারা যেকোনও স্টাফ সদস্যকে ছুটি নিতে হবে। যে কর্মীরা কাজ করতে অক্ষম তাদের কাজের জন্য কোন বিদ্বেষ, বিচার বা বিপত্তি থাকবে না কারণ তাদের ডিস্ট্যান্স লার্নিং কার্যক্রম চলাকালীন ছুটি নিতে হয়েছিল। FMLA-এর যোগ্যতা বা অন্যান্য বর্ধিত ছুটি ডিপার্টমেন্ট অব বেনিফিটস অ্যান্ড এমপ্লয়ি হেলথ সার্ভিস কর্তৃক নির্ধারিত হবে। বেনিফিট টিমের সঙ্গে কথা বলতে অনুগ্রহ করে ইমেইল করুন dps.ehs@detroitk12.org ঠিকানায় অথবা কল করুন 313-576-0080 নম্বরে।

**প্রশ্ন: আমার কয়েকজন মাত্র শিক্ষার্থীই কাজটি করছে, আমি কিভাবে আরও নিযুক্ত করতে পারি?**

**উত্তর:** আপনি যতটা সম্ভব আপনার অধিক সংখ্যক শিক্ষার্থীর কাছে পৌঁছবেন এটা প্রত্যাশা করা হচ্ছে। শিক্ষার্থীরা এবং/অথবা পরিবার অনলাইনে শেখার সময় ধারাবাহিকভাবে সম্পৃক্ত থাকার অবস্থায় না থাকলে শিক্ষকদের দায়বদ্ধ করা হবে না।

**প্রশ্ন: একজন কর্মী হিসেবে আমাদের বন্ধের সময় আমি একটি ২য় কাজ পেয়েছি। আমি কি এই কাজটি চালিয়ে যেতে পারি?**

**উত্তর:** হ্যাঁ। যদি কাজটি স্বাভাবিক কাজের সময়ের বাইরে করা হয়। তবে বোর্ডের নীতি অনুসারে, আপনাকে অবশ্যই পিপলসফটে অবস্থিত কর্মচারীর তথ্য প্রকাশ ফর্মটি পূরণ করে যে কোন অতিরিক্ত কাজ সম্পর্কিত তথ্য জানাতে হবে।

**প্রশ্ন: সকল কর্মীর বেতন দেওয়া অব্যাহত থাকবে?**

**উত্তর:** আমরা হতাশ যে আইনসভা এই অর্থবছরের মধ্যে একই হারে তহবিল বজায় রাখতে প্রতিশ্রুতি দেয়নি, তবে এটি গভর্নরের নির্বাহী আদেশের মাধ্যমে করা হবে। আমরা এটা নিশ্চিত করার জন্য কাজ করব যে আমাদের কর্মীরা যতক্ষণ আমাদের শিক্ষার্থী ও পরিবারের সঙ্গে এই শিক্ষণ ও সম্পৃক্ততা শিফটে অংশ নেবে ততক্ষণ তাদের সম্পূর্ণ বেতন ও প্রত্যাশিত আয় পাওয়া অব্যাহত থাকবে।

**প্রশ্ন: অনলাইন শিক্ষণ প্রক্রিয়া চলাকালীন সকল কর্মী কাজ করবে এমনটাই কি ডিস্ট্রিক্টের প্রত্যাশা?**

**উত্তর:** হ্যাঁ, কর্মীরা যদি অর্থ প্রাপ্তি প্রত্যাশা করে তবে তাদের অবশ্যই ক্যালেন্ডার বছরের বাকি সময় জুড়ে কাজ করতে হবে। প্রত্যেকের ভূমিকা তাদের দায়িত্বের ভিত্তিতে আলাদা হবে। বেশিরভাগ কর্মী বাড়ি থেকে কাজ করবে; তবে, যদি তাদের কাজের দায়িত্বের জন্য এটি সম্ভব না হয় তখন অনলাইনে শিক্ষণ কার্যক্রমে সহায়তার জন্য স্কুলের ভবনগুলো কার্যনির্বাহী আদেশের আওতায় খোলা যেতে পারে। যদি এটি ঘটে থাকে তাহলে আমরা প্রত্যেকের সুরক্ষা নিশ্চিত করব এবং সর্বোত্তম অনুশীলন যেমন সামাজিক দূরত্ব, মাস্ক ও গ্লাভস ব্যবহার এবং কাজের জায়গাগুলি প্রতিদিন পরিষ্কার করব। কর্মীদের যদি ও যখন স্কুল ভবনে তাদের কাজ শেষ করার প্রয়োজন হয়, তাহলে তাদের তা জানানো হবে। বাড়ি থেকে বা ডিস্ট্রিক্ট বা স্কুল বিল্ডিং থেকে কাজের অবস্থা পরিবর্তন হবে যদি ও যখন, বাড়িতে থাকুন আদেশ প্রত্যাহার করা হয়।

## ব্রেকফাস্ট/লাঞ্চ ও অ্যাকাডেমিক পিক আপ লোকেশন (গ্র্যাব-অ্যান্ড-গো)

## ডিস্ট্যান্স লার্নিং প্রিন্টেড প্যাকেটগুলি এপ্রিল ২০, ২০২০ সোমবার ও বৃহস্পতিবারের পরে এই অবস্থানগুলিতে এবং নিচের অতিরিক্ত স্থানগুলিতে পাওয়া যাবে।

**1.** ডেনবি
**২.** ইস্ট ইংলিশ ভিলেজ
**৩.** ফিশার আপার
**৪.** ল
**৫.** মার্টিন লুথার কিং
**৬.** পার্শিং
**৭.** সাউথইস্টার্ন
**৮.** ব্রেন্ডা স্কট
**৯.** ক্যাস
**১০.** সেন্ট্রাল
**১১.** চার্লস এইচ রাইট
**১২.** কোডি
**১৩.** ফ্রেডরিক ডগলাস অ্যাকাডেমি
**১৪.** মামফোর্ড
**১৫.** মাঙ্গার
**১৬.** রেনেসাঁ
**১৭.** ওয়েস্টার্ন
**১৮.** গমপারস *
**১৯.** রোবের্তো ক্লেমেন্তে *

**সদ্য যুক্ত হয়েছে*

## শুধু অ্যাকাডেমিক প্যাকেটের অবস্থানসমূহ

**১.** অ্যান আরবার ট্রেইল
**২.** বার্টন
**৩.** বেনেট
**৪.** বেথুন
**৫.** বো
**৬.** বাঞ্চ
**৭.** কার্সটেনস
**৮.** CMA
**৯.** কুক
**১০.** DCP @ নর্থ ওয়েস্টার্ন
**১১.** ডেট্রয়েট স্কুল অব আর্টস
**১২.** DIA
**১৩.** ডিক্সন
**১৪.** ডার্ফি
**১৫.** এডওয়ার্ড ডিউক এলিংটন
**১৬.** ফিশার ম্যাগনেট আপার
**১৭.** গ্রিনফিল্ড ইউনিয়ন
**১৮.** হ্যামিলটন
**১৯.** হেন্ডারসন
**২০.** জে ই ক্লার্ক
**২১.** জন আর কিং
**২২.** লুডিংটন
**২৩.** মারকেট
**২৪.** মোজেস ফিল্ড স্কুল
**২৫.** নোলান
**২৬.** পামার পার্ক
**২৭.** প্রিস্ট
**২৮.** রোনাল্ড ব্রাউন
**২৯.** স্যাম্পসন ওয়েবার
**৩০.** শুলয অ্যাকাডেমি
**৩১.** থারকেল
**৩২.** ওয়েন